



তারিখঃ ২৩ ভাদ্র, ১৪২৭
১৬ সেপ্টেম্বর, ২০২১

স্মারক নং-৩৩.০১.০০০০.১১০.০২.০২৬.১৫-৬৬২

বিষয়ঃ মালয়েশিয়া হতে একদিন বয়সী Arbor Acres Parent Stock Broiler জাতের মুরগীর বাচ্চা আমদানির অনুমতি প্রসঙ্গে।

সূত্রঃ New Hope Farms Bangladesh Ltd.এর আবেদন পত্র মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে মালয়েশিয়া হতে Invoice no: CBGPS 0361/PS Date:02.07.2021-এ বর্ণিত ১,৫০,৭২৪ Arbor Acres Parent Stock Broiler জাতের মুরগির বাচ্চার আমদানির অনুমতি প্রদান করা হয়েছিল (যাহার স্মারক নং-৩৩.০১.০০০০.১১০.০২.০২৬.১৫-৭২১ তারিখঃ ০৯/০৮/২০২১ইং)। আপনার ১২/০৯/২০২১ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে ১,৫০,৭২৪ টি বাচ্চার মধ্যে হতে পঞ্চম পর্যায়ে সর্বমোট= ২১,৫৩২(একুশ হাজার পাঁচশত বত্রিশ) টি প্যারেন্ট স্টক মুরগির বাচ্চা নিম্ন বর্ণিত শর্তে আগামী ২৪/১২/২০২১ ইং তারিখের মধ্যে আমদানীর অনুমতি প্রদান করা হ'ল।

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক মুরগীর বাচ্চা “সংক্রামক রোগমুক্ত” এই মর্মে রপ্তানীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানীর সময় প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোরেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা এ প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক বিমান যোগে আমদানী করতে হবে এবং এই আমদানীর মেয়াদ আগামী ২৪/১২/২০২১ ইং তারিখ পর্যন্ত বলবৎ থাকবে
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এল.সি'র কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানী কারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যেকোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবে।
- ৯। সরকারী নিদ্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগীর বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা কে অবহিত করতে হবে।



(ডাঃ পল্লব কুমার দত্ত)

উপপরিচালক (এইচ.আর.ডি)

পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা

adtraining.dls@gmail.com

মিঃ মাও

Executive Director

New Hope Farms Bangladesh Ltd

(Poultry Breeder Farm Unit-03)

(Factory Add: Betbari, Soaitpur, Fulbaria, Mymensing.)

কার্যার্থে জন্য অনুলিপি প্রেরিত হলঃ

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ময়মনসিংহ।
- ৩। পি এস ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ। হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৫। কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। মোবাইল- ০১৯৭০৫০৬৮২৪
- ৬। আইসিটি অফিসার, আইসিটি সেকশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ-

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অফিস